

ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৮

তারিখ: আষাঢ় ২১, ১৪৩৩
জুলাই ০৫, ২০২৬

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিযুগ্মী দেশীয় বস্ত্রখাতে শুষ্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাংক-এর
পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফর্ম নিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার পত্র নম্বর ১০, তারিখ জুলাই ০৮, ২০২৪ এবং এফই সার্কুলার নম্বর ২০, তারিখ ডিসেম্বর ০৩, ২০২৩-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো। আলোচ্য এফই সার্কুলার পত্র এবং সংশ্লিষ্ট অপরাপার সার্কুলারের নির্দেশনা অনুসারে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির আবেদন নিরীক্ষার লক্ষ্যে ব্যাংকের হিসাব নিরীক্ষায় নিয়োজিত নিরীক্ষা ফার্মের সমসংখ্যক নিরীক্ষা ফর্ম ব্যাংক কর্তৃক নিয়োগ করা যায়। এছাড়া, উক্তরূপে নিয়োজিত ফর্ম অপেক্ষা অতিরিক্ত নিরীক্ষা ফর্ম আবশ্যিক হলে সে বিষয়ে প্রযোজ্য নির্দেশনা পরিপালনসহ বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন দাখিলেরও নির্দেশনা রয়েছে।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরের রপ্তানির বিপরীতে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির আবেদনপত্র বাংলাদেশ ব্যাংক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১-এর অনাপত্তি সাপেক্ষে ব্যাংকের হিসাব নিরীক্ষায় নিয়োজিত সমসংখ্যক নিরীক্ষা ফর্ম দ্বারা নিরীক্ষা করানো যাবে। তবে, উক্তরূপে নিয়োজিত ফর্ম অপেক্ষা অতিরিক্ত নিরীক্ষা ফর্ম আবশ্যিক হলে নিরীক্ষা ফর্ম নিয়োগের যৌক্তিকতা, সংশ্লিষ্ট ফর্ম কর্তৃক বিগত সময়ে ব্যাংকটিতে নিয়োজিত থাকার তথ্য, নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেসের সংখ্যা ও প্রয়োজনীয় তথ্যসহ নিরীক্ষা ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক অনুমোদন গ্রহণের লক্ষ্যে উপরোল্লিখিত বিভাগ বরাবর আবেদন দাখিল করতে হবে।

০৩। নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত উপরোল্লিখিত এফই সার্কুলার পত্র নম্বর ১০, তারিখ জুলাই ০৮, ২০২৪ ও এফই সার্কুলার নম্বর ২০, তারিখ ডিসেম্বর ০৩, ২০২৩-এর অপরাপার নির্দেশনা ও সংশ্লিষ্ট অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক(এফইপিডি-১)
ফোন নম্বর : ৯৫৩০১২৩